

ওজোপাড়িকো এলাকার জন্য স্মার্ট প্রি-পেমেণ্ট মিটারিং প্রকল্প (৩য় পর্যায়)

সম্ভাব্য বাস্তবায়নকালঃ জুলাই'২০২৫ - জুন'২০২৯
অর্থায়নের সম্ভাব্য উৎসঃ এডিবি

প্রাক্কলিত ব্যয়ঃ ৯৭০১৭.১৭ লক্ষ টাকা
[প্রকল্প সাহায্যঃ ৬২৩২০.১১ লক্ষ টাকা
জিওবিঃ ২৫৮৩৬.৩১ লক্ষ টাকা
ওজোপাড়িকোঃ ৮৮৬০.৭৫ লক্ষ টাকা]

প্রকল্পের লক্ষ্যমাত্রা

৯ লক্ষ স্মার্ট প্রি-পেমেণ্ট মিটার ও আনুষঙ্গিক
সরঞ্জামাদি স্থাপন

প্রকল্পের উদ্দেশ্য

- ✓ অগ্রিম বিদ্যুৎ বিল আদায়।
- ✓ অকারিগরি সিস্টেম লস হ্রাসকরণ।
- ✓ ডিম্যান্ড সাইড লোড ব্যবস্থাপনার উন্নয়ন।
- ✓ গ্রাহক সেবার মানোন্নয়ন।

ওজোপাড়িকো এলাকার জন্য স্মার্ট প্রি-পেমেন্ট মিটারিং প্রকল্প (৩য় পর্যায়)

প্রকল্প গ্রহণের যৌক্তিকতা

- ✓ ১৫ লক্ষ স্মার্ট-প্রিপেমেন্ট মিটার স্থাপনের সংস্থানসহ “ওজোপাড়িকো এলাকায় শতভাগ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন” শীর্ষক প্রকল্প প্রস্তাব করা হয়। উক্ত প্রকল্পের উপর গত ১২ জুন, ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার সুপারিশ এবং পরবর্তীতে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপনকৃত অর্থায়নের পরিমাণের ভিত্তিতে ৭ লক্ষ স্মার্ট-প্রিপেমেন্ট মিটার স্থাপনের সংস্থানসহ সমাপ্ত প্রকল্পটির ২য় পর্যায় হিসাবে ‘ওজোপাড়িকো এলাকার জন্য স্মার্ট প্রি-পেমেন্ট মিটারিং প্রকল্প (২য় পর্যায়)’ শিরোনামে গত ১৩ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. তারিখে প্রকল্পটি একনেক সভায় অনুমোদিত হয়। এছাড়াও ওজোপাড়িকো’র বাকি সকল গ্রাহককে স্মার্ট-প্রিপেমেন্ট মিটারিং সুবিধার আওতায় আনার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক মিটার স্থাপনের সংস্থান রেখে বৈদেশিক অর্থ সহায়তায় আরেকটি পৃথক প্রকল্প (৩য় পর্যায়) গ্রহণের বিষয়েও উক্ত পিইসি সভায় নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক আলোচ্য প্রকল্পটি প্রস্তাব করা হয়।
- ✓ ওজোপাড়িকো’র বর্তমান গ্রাহক সংখ্যা প্রায় ১৬,৩৮,৭০৪। সদ্য সমাপ্ত ‘ওজোপাড়িকো এলাকার জন্য স্মার্ট প্রি-পেমেন্ট মিটারিং প্রকল্প’ শীর্ষক প্রকল্পে ৫ লক্ষ মিটার স্থাপনের সংস্থান থাকলেও ৪,২৫,০০০টি মিটার স্থাপন সম্ভব হয়েছে এবং বাকী ৭৫,০০০ টি মিটার ক্রয় ও স্থাপন ব্যতিরেকেই প্রকল্পটি ডিসেম্বর/২০২২ এ সম্পন্ন হয়েছে। ফলে, ২য় পর্যায়ের প্রকল্পটিতে উক্ত ৭৫,০০০টি মিটারসহ মোট ৭ লক্ষ স্মার্ট-প্রিপেমেন্ট মিটার স্থাপনের সংস্থান রাখা হয় এবং ২০২৯ সাল নাগাদ নতুন সংযোগসহ ওজোপাড়িকো’র অবশিষ্ট সকল গ্রাহককে স্মার্ট-প্রিপেমেন্ট মিটারিং সুবিধার আওতায় আনার লক্ষ্যে ৯ লক্ষ স্মার্ট-প্রিপেমেন্ট মিটার স্থাপনের সংস্থানসহ আলোচ্য প্রকল্পটি প্রস্তাব করা হয়।

QCBS পদ্ধতিতে পরামর্শক নিয়োগের মাধ্যমে প্রকল্পটির সম্ভাব্যতা যাচাই করা হয়। পরামর্শক প্রতিষ্ঠান **Engineers Associates Ltd., 1/3 Asad Gate Road, Mohammadpur H/S, Dhaka-1207** এর মাধ্যমে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করা হয়। উক্ত পরামর্শক প্রতিষ্ঠানের সাথে গত ০২ জুন, ২০২১ খ্রি. তারিখে ওজোপাড়িকো'র চুক্তি স্বাক্ষরিত হয়।

পরিকল্পনা কমিশনের নির্দেশনা মোতাবেক প্রকল্পটির পিডিপিপি গত ২৭ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. তারিখে বিদ্যুৎ বিভাগে দাখিল করা হয়।

বৈদেশিক অর্থায়নের উৎস অনুসন্ধানের নিমিত্ত বিদ্যুৎ বিভাগ কর্তৃক পিডিপিপি গত ১৪ মার্চ, ২০২৪ খ্রি. তারিখে পরিকল্পনা কমিশন এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হয়।

প্রকল্পটির পিডিপিপি পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক গত ১১ জুন, ২০২৪ খ্রি. তারিখে নীতিগতভাবে অনুমোদিত হয়।

প্রকল্পটিতে **ADB** এর অর্থায়নের বিষয়টি প্রক্রিয়াকরণের নিমিত্ত গত ১০ জুলাই, ২০২৪ খ্রি. তারিখে বিদ্যুৎ বিভাগ হতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে পত্র প্রেরণ করা হয়।

গত ৩০ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত বৈদেশিক সহায়তা অনুসন্ধান কমিটির ৬৭ তম সভায় প্রকল্পটিতে **ADB** এর অর্থায়নের বিষয়ে সুপারিশ করা হয়।